

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

ও.আর. নিজাম রোড শাখা, ৫৬২/এ, সেন্ট্রাল শপিং কমপ্লেক্স, ও.আর. নিজাম রোড, চট্টগ্রাম।

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

মেসার্স গাউছিয়া এন্টারপ্রাইজ, মালিক-আব্দুল আজিজ, পিতা-মৃত মুন্সী মিয়া, ব্যবসায়িক ঠিকানা- ১১০/১১, পশ্চিম বাকলিয়া, ডি.সি.রোড, থানা-চকবাজার, জেলা-চট্টগ্রাম কর্তৃক অত্র ব্যাংক হইতে গৃহীত ঋণ পরিশোধ না করায় খেলাপী ঋণ বাবদ বিগত ১৫.০৬.২০১৬ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা ১,১৬,৭৭,৯৬৮.০৫ টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত উক্ত ঋণের জামানত হিসাবে জনাব আব্দুল আজিজ কর্তৃক ব্যাংকের অনুকূলে বন্ধককৃত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

১। জেলা- চট্টগ্রাম, থানা- পাঁচলাইশ, জে.এল. নং- ১৫, মৌজা- বাকলিয়া, আর.এস. ২৬৪০ ও ২৬৪৪ নং খতিয়ানাদির আর.এস. ২১০ ও ১২৭ নং দাগাদির সামিল বি.এস. ৩১৫৯ ও ৩১৫৮ খতিয়ানাদির এবং বি.এস. নামজারী ও জমাভাগ ৯৫৮৯ খতিয়ানের বি.এস. ২৩১২৭, ২৩১২৯, ২৩১৩৯ ও ২৩১৪০ নং দাগাদির মধ্যে আপোষ দখল অনুযায়ী বি.এস. ২৩১৩৯ ও ২৩১৪০ নং দাগাদির মধ্যে ২.৪০ শতাংশ জমি এবং তদুপরিস্থিত স্থাপনাদি যাহার চৌহদ্দী- উত্তরে- আমির হোসেন গং, দক্ষিণে- নিজ, পূর্বে- আব্দুল করিম এবং পশ্চিমে- আব্দুল হাকিম।

২। জেলা- চট্টগ্রাম, থানা- পাঁচলাইশ, জে.এল. নং-৩, মৌজা- পূর্বনাছিরাবাদ, আর.এস. ৩১৭, ৩১৮, ৯৫২ ও ১২৩ নং খতিয়ানাদির আর.এস. ২১১৪, ২১১৫, ২১৪৬, ২১৪৭, ২১৪৮, ২১৪৯, ২১৫০, ২১৫১, ২১৫৮, ২১৫৯, ২২২১, ২২২২, ২২২৩ ও ২২২৫ নং দাগাদির সামিল বি.এস. ৫৬৯ নং খতিয়ানের এবং বি.এস. নামজারী ও জমাভাগ ২৫৪১ নং খতিয়ানের বি.এস. ২৩২৭ নং দাগের ২.১৯ শতাংশ জমি এবং তদুপরিস্থিত স্থাপনাদি যাহার চৌহদ্দী- উত্তরে- রেলওয়ের রাস্তা ও নুর আহমেদ গং, দক্ষিণে- নিজ, পূর্বে ও পশ্চিমে- চাদ মিয়া গং।

৩। জেলা- চট্টগ্রাম, থানা- পটিয়া, জে.এল. নং- ১১, মৌজা- খোয়াজনগর, আর.এস. ১১৬ নং খতিয়ানের আর.এস. ৪৯১ নং দাগের সামিল বি.এস. ১২১ নং খতিয়ানের এবং বি.এস. নামজারী ও জমাভাগ ১৫৬৬ নং খতিয়ানের বি.এস. ৯১৯ নং দাগের ৪.০০ শতাংশ জমি এবং তদুপরিস্থিত স্থাপনাদি যাহার চৌহদ্দী- উত্তরে- আলী আব্বাস, দক্ষিণে- নুরুল ইসলাম, পূর্বে- হাফেজ নেয়ামতউল্লাহ এবং পশ্চিমে- পিয়ার আহমেদ রোড।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ০৪.০৮.২০১৬ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ও.আর.নিজাম রোড শাখায় রক্ষিত বাঞ্ছিত সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ও.আর.নিজাম রোড শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ও.আর.নিজাম রোড শাখা, চট্টগ্রাম